দৈনিক ইত্তেফাক

তারিখ ... 05 AUG 2007 ...
পৃষ্ঠা ১০ কলাম ৪

রাজশাহীতে শিক্ষা বিষয়ক জরিপ উপস্থাপন

# সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের তুলনায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মাথাপিছু ব্যয় বেশি

॥ রাজশাহী অফিস ॥

সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের চেয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান, বিশেষ করে স্কুল কলেজের শিক্ষার্থীদের পেছনে ব্যয় বেশি। এতে শিক্ষার্থীদের রেজাল্ট ভাল হচ্ছে তবে শিক্ষার মান পড়ে যাচ্ছে। এ অবস্থা থেকে উত্তরণের জন্য শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। যথাযথ তথ্য যাচাই ছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদন বন্ধ করতে হবে। সম্প্রতি বাংলাদেশ ব্যুরো অব এডুকেশন ইনফরমেশন এন্ড স্ট্যাটিসটিক্স-ব্যানবেস এর উদ্যোগে পোস্ট প্রাইমারি এডুকেশনাল ইনস্টিটিউশন সার্ভে ২০০৫ এবং বাংলাদেশ এডুকেশনাল স্ট্যাটিসটিক্স-২০০৬ উপস্থাপন উপলক্ষে আয়োজিত কর্মশালায় এ তথ্য উপস্থাপন করা হয়।

নগরীর টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটে আয়োজিত কর্মশালায় প্রধান অতিথি ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আলতাফ হোসেন। ব্যানবেসের পরিচালক এহসান আব্দুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর এনামুল হক। স্বাগত বক্তব্য রাখেন ব্যানবেসের সিস্টেম ম্যানেজার মোফাজ্জল হোসেন। দ্বিতীয় পর্বে বক্তব্য রাখেন ব্যানবেস পরিচালক আহসান আব্দুল্লাহ, স্ট্যাটিসটিক্যাল অফিসার খান জাহান আলী।

কর্মশালায় জানানো হয়, দেশে শিক্ষার ক্ষেত্রে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণীর শিক্ষার্থীদের ঝরে পড়ার হার ৮০ দশমিক ০২ শতাংশ। ছেলেদের ক্ষেত্রে ৭৬ দশমিক ৫৪ এবং মেয়েদের ক্ষেত্রে ৮৩ দশমিক ২৯ শতাংশ। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ঝরে পড়ার হার ৩৬ দশমিক ৫২ শতাংশ। ছেলেদের ক্ষেত্রে ৩৬ দশমিক ৮১ এবং মেয়েদের ক্ষেত্রে ৩৬ দশমিক ১৬ শতাংশ। ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণীর মধ্যে ঝরে পড়া মেয়েদের সংখ্যা ছেলেদের চেয়ে বেশি। তবে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছেলে ও মেয়েদের ঝরে পড়ার হার প্রায় একই।